দৈনিক ইত্তেফাক

12

তারিখ ... OCT 1 [illegible] 1999 ...
পৃষ্ঠা ৪ ... কলাম ... ৬ ...

# বেসরকারী কলেজ শিক্ষকদের পদোন্নতি প্রসঙ্গে

শিক্ষা মন্ত্রণালয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত বেসরকারী কলেজের শিক্ষকগণের চাকুরীবিধি অনুসারে স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর পর্যায়ে প্রথম শ্রেণী এবং কলেজ পর্যায়ে প্রভাষক হিসাবে পাঁচ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা এমফিল ডিগ্রীধারীদের কলেজ পর্যায়ে প্রভাষক হিসাবে দুই বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতার ভিত্তিতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির বিধান রহিয়াছে। কিন্তু তাহা সত্ত্বেও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর প্রভাষকদের যোগ্যতা ও অভিজ্ঞতা অনুসারে এমপিও-তে সহকারী অধ্যাপক-এর পদবী এবং ৭২০০ টাকার বেতন স্কেল প্রদান করিতেছে না। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী মেধাবী ভাল শিক্ষকদের উচ্চতর বেতন স্কেল প্রদানের ব্যাপারে কার্যকর কোন পদক্ষেপ নেওয়া হইতেছে না। ফলে ভাল রেজাল্টধারী উচ্চতর ডিগ্রীপ্রাপ্ত মেধাবী শিক্ষকগণ বিধিমোতাবেক মর্যাদা না পাইয়া হতাশ হইয়া পড়িয়াছেন। এমতাবস্থায়, উল্লিখিত সমস্যার সুষ্ঠু সমাধানের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

কাজী তাজুল ইসলাম,
প্রভাষক, জীববিজ্ঞান,
শফি উদ্দীন আহমেদ,
প্রভাষক, ইসলামী শিক্ষা, ইছামতি কলেজ,
গালিমপুর, নবাবগঞ্জ, ঢাকা ১৩২০।